গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণিজ্য মন্ত্রণালয়

## "জাতীয় সম্পদ চামড়া, রক্ষা করবো আমরা"

### সঠিকভাবে পশুর চামড়া ছাড়ানো ও সংরক্ষণ প্রসঙ্গে

চামড়া বাংলাদেশের জাতীয় সম্পদ। প্রতি বছর বাংলাদেশ হতে কয়েক হাজার কোটি টাকার চামড়া ও চামড়াজাত পণ্য বিদেশে রপ্তানি হয়ে থাকে যা বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখছে। কিন্তু পশুর দেহ থেকে সঠিকভাবে চামড়া না ছাড়ানো ও পরবর্তীতে উপযুক্ত সংরক্ষণের অভাবে সংগৃহীত মোট চামড়ার প্রায় ২৫% নষ্ট হয়ে যায়। ফলে আমাদের দেশ প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন হতে বঞ্চিত হয়ে থাকে। তবে সঠিক নিয়ম অনুযায়ী সচেতনতার সাথে পশুর দেহ থেকে চামড়া ছাড়িয়ে যথাসময়ে উপযুক্তভাবে সংরক্ষণ করা হলে চামড়ার বড় ত্রুটি 'লেস্-কাট' হ্রাসসহ গুণগত মানের কাঁচা চামড়া পাওয়া যাবে, যা রপ্তানি আয় বৃদ্ধিতে প্রচুর সহায়ক হবে।









**প্রচারণায় ও জনসচেতনতায়**

bpc

লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল
বাণিজ্য মন্ত্রণালয়

BFLLFEA

বাংলাদেশ ফিনিশ্‌ড লেদার, লেদারগুডস্ অ্যান্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন

BTA

বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন

# পশু জবাই এর পূর্বে করণীয়

- পরিবহনের সময় যত্নবান হওয়া যেন যানবাহনের নাট ও বল্টু দ্বারা পশুর চামড়ায় কোনো প্রকার ক্ষত সৃষ্টি না হয়।
- জবাইয়ের পূর্বে পশুকে যথেষ্ট সময় (কমপক্ষে ২৪ ঘন্টা) বিশ্রামে রাখতে হবে।
- জবাইয়ের ঠিক পূর্ব মূহুর্তে পশুর দেহকে পরিষ্কার ও শুকনো রাখতে হবে।
- পশুকে প্রচুর পরিমাণে পানি খাওয়াতে হবে।
- জবাই এর স্থান সমতল ও পরিষ্কার হতে হবে।
- জবাই এর স্থানে পূর্বেই মাটিতে বড় একটি গর্ত করে নিতে হবে যেন রক্ত সহজেই গড়িয়ে ঐ গর্তে যেতে পারে।
- জবাই এর পর পশুর দেহ হতে রক্ত ভালভাবে ঝরে যেতে হবে।
- জবাই এর ক্ষেত্রে তুলনামূলক বড় ও যথেষ্ট ধারালো ছুরি ব্যবহার করতে হবে।
- পশুকে শোয়ানো অবস্থায় টানা-হেঁচড়া করা যাবে না, যেন ঘর্ষণে চামড়া নষ্ট না হয়।
- সুবিধাজনক স্থানে অন্য একটি বড় গর্ত করতে হবে যেন গোবর বা অন্যান্য ময়লা ঐ গর্তে রেখে ভালভাবে ঢেকে দেয়া যায়। এতে পরিবেশ দূষণ রোধ হবে।



জবাই এর পূর্বে পশুকে পানি দ্বারা ভালভাবে পরিষ্কার করে শুকিয়ে নিতে হবে।



ময়লাযুক্ত পশুকে জবাই করা ঠিক নয়।



জবাই এর স্থানে একটি গর্ত করতে হবে।



গর্ত করা না হলে চামড়ায় রক্ত লাগবে ও পরিবেশ দূষণ হবে।



গর্তে গোবর ও অন্যান্য ময়লা রাখতে হবে।



গর্তের সকল ময়লা মাটি দ্বারা ঢেকে দিতে হবে।

# লেস্-কাট ত্রুটি এড়িয়ে পশুর দেহ থেকে সঠিকভাবে চামড়া ছাড়ানোর পদ্ধতি

- **লেস্-কাট ত্রুটি:** পশুর দেহ থেকে চামড়া ছাড়ানোর সময় ছুরি দ্বারা চামড়ার ফ্লেশ সাইডে অনাকাঙ্খিতভাবে অল্প বা গভীরভাবে কেটে গেলে তাকে লেস্-কাট বলে। এটি কাঁচা চামড়ার বড় ধরণের ত্রুটি যা অসতর্কতা, অজ্ঞতা ও অনুপযুক্ত ছুরি ব্যবহারের মাধ্যমে হয়ে থাকে।
- উপযুক্ত প্রশিক্ষণ, সতর্কতা ও বাঁকানো মাথার ধারালো ছুরি ব্যবহার করে লেস্-কাট হ্রাস করা সম্ভব।
- জবাইয়ের পর পশুর নড়াচড়া বন্ধ হলে চামড়া ছাড়ানো আরম্ভ করতে হবে। এক্ষেত্রে জবাইকৃত পশুকে চিৎ অবস্থায় রাখতে হবে, যেন বুকের অংশ উপরের দিকে থাকে।
- চামড়া ছাড়ানোর সময় প্রথমেই পশুর সামনের এক পা থেকে বুকের উপর দিয়ে অন্য পা পর্যন্ত লম্বালম্বিভাবে এবং পেছনের এক পা থেকে অন্য পা পর্যন্ত লেজের গোড়া থেকে প্রায় ৪-৬ ইঞ্চি উপর দিয়ে লম্বালম্বিভাবে কাটতে হবে। একইসাথে চামড়ার জবাই স্থান থেকে পেটের উপর দিয়ে লেজের গোড়া পর্যন্ত লম্বালম্বিভাবে কাটতে হবে। ফলে সঠিক আকৃতির চামড়া পাওয়া যাবে ও আকৃতিজনিত অপচয় হবে না।
- তারপর সাধারণত বাম হাতে চামড়া ধরে ডান হাতের ছুরি দিয়ে সাবধানে ধীরে ধীরে চামড়া ছাড়াতে হবে।
- খেয়াল রাখতে হবে যেন চামড়ায় কোনো প্রকার ময়লা না লাগে।



বাঁকানো মাথার ধারালো ছুরি।



চামড়ায় লম্বালম্বি কাটা স্থান।



চামড়া ছাড়ানোর পদ্ধতি।



বাঁকানো মাথার ছুরি ব্যবহার না করলে সহজেই লেস্-কাট হতে পারে।



রোদে ফেলে রাখলে চামড়ায় দ্রুত পচন ধরে।



ছায়াযুক্ত পরিষ্কার ও শুকনো স্থানে চামড়া রাখতে হবে।

# কাঁচা চামড়া সংরক্ষণ পদ্ধতি

- চামড়া ছাড়ানোর পর প্রথমে চামড়ার গায়ে লেগে থাকা অতিরিক্ত চর্বি, মাংস, রক্ত, মাটি এবং গোবর ভালোভাবে পরিষ্কার করতে হবে।
- চামড়া ছাড়ানোর পর হতে ৪-৫ ঘন্টার মধ্যেই ঐ চামড়ার ফ্লেশ সাইডে ভালোভাবে লবণ মাখাতে হবে অন্যথায় চামড়ায় পচন আরম্ভ হতে পারে।
- সংরক্ষণ একটু ঢালু জায়গায় করতে হবে যেন চামড়া থেকে বের হওয়া পানি, রক্ত ইত্যাদি সহজেই গড়িয়ে যেতে পারে।
- সংরক্ষিত (লবণ মাখানো) চামড়া ঠান্ডা জায়গায় রাখতে হবে।
- কাঁচা চামড়া পরিবহনের সময় যত্নবান হতে হবে যেন রোদ বা বৃষ্টির পানি না লাগে।


চামড়ার গায়ে লেগে থাকা অতিরিক্ত মাংস কেটে ফেলতে হবে।


পরিষ্কার করার পর চামড়া থেকে পানি ঝরিয়ে নিতে হবে।


চামড়ার ফ্লেশ সাইডে লবণ প্রয়োগ করতে হবে।


সংরক্ষিত চামড়া সামান্য ঢালু জায়গায় স্তূপীকৃত করতে হবে।


উন্মুক্ত অবস্থায় চামড়া পরিবহন ঠিক নয়।


চামড়া ঢেকে পরিবহন করতে হবে।

**আসুন আমরা চামড়ার যত্ন নেই ও দেশের অর্থনীতি শক্তিশালী করি।**